I-2498 60RS.

সাঠ রুপয়া

INDIA

SIXTY RUPEES

60RS

Admissible under Regn. Rule 21 and under Section...... of ...... Act
Nonagricultural Tenancy Act duly Stamped (or exempted from or does not require Stamp duty) under the India Stamp Act 1899 & also as amended by W. B. Stamp Amendment Act XVII of 1964.
Schedule 1A No.......................

FEES PAID

সাফ বিক্রয় কোবালা মূল্য – ৪০০০ চার হাজার টাকা।

| কোবালা গ্রহিতা ঃ – | কোবালা দাতা ঃ – |
|---|---|
| শ্রী অজিত কুমার বিষ্ণু | শ্রী ঠাকুর দাস মল্লিক – |
| পিতা মৃত মণিন্দ্র নাথ বিষ্ণু | পিতা মৃত রাম দুলাল মল্লিক |
| জাতি হিন্দু, পেশা চাকুরী | জাতি হিন্দু, পেশা বিষয়ভোগী |
| সাং ৫২১।১বি, টালিগঞ্জ রোড | সাং ৪নং গ্রাহাম রোড, শান্তি |
| থানা টালিগঞ্জ, কলিকাতা ২৬ | গড় কলোনী, থানা যাদবপুর, |
| | কলিকাতা – ৪০। |

৪

ক্রমঃ –

No. 5198
Sold to Ajit Kumar Biswas
52/1B Tollygunge Rd.
Cal
of
607/-
16/6/72 [signature]
24-Parganas Treasury Alipur.

5198 = 60/-
5199 = 45/-
5200 = 4.50
109.50 + 10.50

[Bengali signature]

Presented for Registration at 11.30 A. M. or P. M. on the 16th day of June 1972 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Thakur das Mallick Executant or Claimant or attorney

Joint Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24-Parganas.

Thakur das Mallick
Son/Wife of Ramdulal Mallick
Thana Fraser Rd.
District Jadavpur
By Caste Hindu by Profession Cashier

[Bengali signature]

3658

Sukumar Ch. Biswas

[signature]

Sukumar chandra Biswas
Son/Wife of Lt. Jaladhar Ch. Biswas
N West Bansdroni
Thana P.S. Jadavpur
District Cal-32
By Caste Hindu by Profession Service

45Rs.

पैंतालीस रुपया

৪৫ রু  45RS

भारत

INDIA

FORTY FIVE RUPEES



কস্য সাবেক রায়ত মোকর্‌রী হাল রায়ত দখলি স্বত্বীয় জমি জমা দরবস্তু হক হকুক আব্ব আঞ্জাতাদি মায় আলো বাতাস আগম নিগমের সর্ব্ব প্রকার বর্ত্ত স্বত্ব ও ইজমেন্ট স্বত্বাদি সম্পূর্ন নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ -

INDIA 4Rs50nP

चार रुपये पचास नये पैसे

FOUR RUPEES भारत FIFTY NAYE PAISE



জিলা ২৪পরগণা থানা সাবেক টালিগঞ্জ সদর হাল যাদবপুর সবরেজেষ্ট্রি আলিপুরের এলেকাধিন মৌজা চকদহ গ্রামে সাবেক ও হাল ২৯নং খতিয়ান ভুক্ত ১৫১ নং দাগের .০৭ শতক ভুমি সহ আরও বিভিন্ন দাগের মোট ১.৪০ শতক জমি জমা যাহা কমল মঞ্জু ও আতরমনি বেওয়ার তল্যাংশের রেকর্ড প্রাপ্ত স্বত্ব দখলি সম্পা সম্পত্তি থাকে।

10nP

INDIA

दस नये पैसे    दस नये पैसे

भारत

TEN NAYE PAISE



উক্ত আতরমনী বেওয়া নিঃসন্তান ও বিধবা অবস্থায় কেবল মাত্র জ্যা ভাসুর পুত্র তথা পালক পুত্র মৃধ্য ওয়ারিশ বিদ্যমানে অন্য কোন ওয়ারিশ না রাখিয়া পরলোক গমন করিলে পরে হিন্দু দায়ভাগ আইনের বিধান মতে মৃত আতরমনি বেওয়ার ত্যাজ্য সম্পত্তিতে ওয়ারিশ উত্তরাধিকারী নিযুক্ত হয়। অতঃপর উক্ত কমল মণ্ডল একটি মাত্র পুত্র শ্রী লক্ষীকান্ত ও একমাত্র স্ত্রী বরদা মনিকে ওয়ারেশ বিদ্যমানে অন্য কোন ওয়ারিশ না রাখিয়া পরলোক গমন করিলে হিন্দু দায় ভাগ আইনের বিধান মতে মৃত কমল মণ্ডলের ত্যক্ত সম্পত্তিতে উক্ত পুত্র লক্ষীকান্ত মণ্ডল ও উক্ত স্ত্রী বরদা মনি বেওয়া ওয়ারিশ উত্তরাধিকারী নিযুক্ত হয়।

এবম্বিধ প্রকারে উক্ত মৃত আতর মনি বেওয়া ও মৃত কমল মণ্ডলের ত্যক্ত সম্পত্তিতে পূর্ব্ব বর্ত্তি ক্রমে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবত অন্যের বিনাপত্যে নির্ব্বিবাদে খাসে স্বত্ব দখল স্বামিত্ব পরিচালনে খাজনাদি আদায় দিতে থাকিয়া ভোগবান ও ভোগবতী ও দখলিকার থাকা অবস্থায় নানা প্রকার সঙ্গত ও বৈধ কারণে উঁহাদের নগদ টাকার বিশেষ প্রয়োজন হেতু উক্ত প্রকারে প্রাপ্ত স্বত্ব দখলিয় উক্ত চকদহ মৌজার ২৯নং খতিয়ান ভুক্ত ১৫১ নং দাগের .০৭ শতক ভূমি মধ্যে লাল রং এর বর্ডার দ্বারা বর্জ্জিত করিয়া নক্সায় প্রদর্শন পূর্ব্বক মাফ সুরত /২ দুই কাঠা ভূমি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি অত্র কোবালা দাতা তদানিন্তন সর্ব্বোচ্চ বাজারদর বেলমোক্তা মং ৩০০০ তিন হাজার টাকা পণ মূল্যে ক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করিলে গত ১৯৬৮ সালের ১৬ই অক্টোবর আলিপুর জয়েন্ট সাবরেজেষ্ট্রি অফিসে বুক নং ১ ভলুম নং ১২৪ বিয়িং নং ৬২৯৭ পৃষ্ঠা ১ হইতে ৪ রেজেষ্ট্রি কৃত দলিল মূলে ক্রয় করিয়া লইয়া তদোবধি অন্যের বিনাপত্যে নির্ব্বিবাদে খাসে স্বত্ব দখল পরি - চালনে খাজনাদি আদায় দিয়া ভোগবান ও দখলিকার আছি।

পরে জিলা ২৪পরগণা, থানা সাবেক টালিগঞ্জ হাল যাদবপুর সবরেজেষ্ট্রি আলিপুরের এলেকাধিন মৌজে চকদহ গ্রামে সাবেক ও হাল ২৯নং খতিয়ান ভুক্ত ১৫১ নং দাগের .০৭ শতক ভূমি সহ আরও বিভিন্ন দাগের মোট ১.৪০ শতক জমি যাহা কমল মণ্ডল ও আতরমনি বেওয়ার অংশে রেকর্ড প্রাপ্ত স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত কমল মণ্ডল তাঁহার একটি স্ত্রী আতর মনিকে -

ও একমাত্র পুত্র লক্ষীকান্ত মণ্ডলকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে হিন্দু দায়ভাগ আইনের বিধান মতে মৃত কৃষ্ণ মণ্ডলের ত্যক্ত সম্পত্তিতে উঁহারা দুইজনে ।। আট আনা রকম অংশে ওয়ারিশ উত্তরাধিকারী নিযুক্ত হইয়া পূর্ববর্ত্তি ক্রমে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবত অন্যের বিনাপত্যে খাসে রীতিমত সুত্ত্ব সামিত্ত্ব দখল পরিচালনে খাজনাদি আদায় দিয়া ভোগবতী ও ভোগবান ও দখলিকার ছিলেন । পরে উক্ত বরদা মনি বেওয়ার নানা প্রকার সঙ্গত ও বৈধ কারণে পুনরায় টাকার বিশেষ আবশ্যক হেতু উক্ত চন্দহ মৌজার ২৯নং খতিয়ান ভুক্ত ১৫১ নং দাগের .০৭ শতক ভুমি মধ্যে আমার পূর্ব্বের ক্রয় করা জমি সংলগ্ন মাপ সুরত ৴।।৴১০ সাড়ে নয় ছটাক জমি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল তাহা উক্ত বরদা মনি বেওয়া তাহার অংশ বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি তদানিন্তন সর্ব্বোচ্চ বাজার মূল্যে বেলনোভক্ত সবনগে ১০০০্ এক হাজার টাকা পণ মূল্যে ১৯৬৮ সালের ২রা নভেম্বর তারিখে আলিপুর জয়েন্ট সাবরেজেষ্ট্রি অফিসে বুক নং ১ ভলুম ১১২ বিয়িং নং ৬৪২৩ পৃষ্ঠা ২২৩ হইতে ২২৬ এক কেতা রেজেষ্ট্রি কৃত দলিল মূলে ক্রয় করিয়া লই এবং তদোবধি অন্যের বিনাপত্যে নির্ব্বিবাদে খাসে সুত্ত্ব দখল পরিচালনে খাজনাদি আদায় দিয়া ভোগবান ও দখলিকার আছি ।

এক্ষণে আমার কোবালা দাতার নানা প্রকার সঙ্গত ও বৈধ কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় এবং জমির মূল্য অপ্রত্যাশিত ভাবে কমিয়া যাওয়ায় এবং গ্রাহকের সুলভতা হেতু বিক্রয় করিবার বাসনা প্রকাশ করিলে এবং

এবং আপনি কোবালা গ্রহিতা বর্তমান বাজার অনুযায়ী সর্ব্বোচ্চদর বেলনোভলা মবলগে ৪০০০্ চার হাজার টাকা মূল্যে খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে হাজিরান মজলিসে আপনার নিকট হইতে মূল্যের সমুদায় টাকা মবলকে ৪০০০্ চার হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র নিম্নস্থ সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিয়া প্রকাশ প্রচার ও অঙ্গিকার করিতেছি যে আপনি অদ্য হইতে উক্ত বিক্রিত সম্পত্তিতে আমার সর্ব্বপ্রকার সত্ত্ব স্বামিত্বে ও হক হকুকে সম্পূর্ন স্বত্ববান দখলিকার হইয়া বাস্তু বাগায়েত বেতা পোতন বানাইয়া সদর মফস্বলে এবং সরকারে এবং সর্ব্বত্র আমার নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন করিয়া লইয়া খাজনা ও ট্যাক্সাদি আদায় দিবেন আমি আপনার নিকট সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত সম্পত্তিতে তলা উপরসহ আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দাবী দাওয়া লভ্য হক হকিয়ত দখলিকার ছিল রাস্তা ঘাট আলো বাতাস ও গমনাগমনের যেসমস্ত রাইট ছিল তাহা অদ্য হইতে অত্র কোবালা বলে আমা হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনাতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে বর্ত্তাইল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় সত্বে স্বত্ববান ও দখলিকার থাকিয়া কাটিয়া ভরিয়া দালান ইমারতাদি নির্ম্মানে কূপ নল কূপ, পাকা ড্রেণ আণ্ডার ড্রেণ পায়খানা করিয়া বৈদ্যুতিক আলো আনিবার জন্য তলা উপর দিয়া অধিকার প্রাপ্ত হইয়া যদৃচ্ছা দখলের কার্য্য পরিচালনে দান বিক্রয় বন্ধক লিজ ইত্যাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর ও অবস্থান্তর করণের উপযুক্ত ক্ষমতা ধারণে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের সর্ব্বপ্রকার

সর্ব্ব প্রকার ওজর আপত্তি সর্ব্বদা সর্ব্বথা সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবেক। তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতি পূর্ব্বে অন্য আর কাহারও নিকট দান বিক্রয় বন্ধক দায় ইত্যাদি দ্বারা অন্য কোন প্রকার হস্তান্তর করি নাই কিংবা উক্ত কারণে বায়না পত্র বা চুক্তিতে আবদ্ধ করি নাই ইহা বা ইহার অংশ কোন দেব সেবায় বা পাবলিক চ্যারিটিতে বা খোরপোষের দাবীতে দায়াবদ্ধ নাই বা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত নহে। উহার বা উহার কোন অংশের সম্পর্কে কোন চার্জ্জ বা লিয়েন নাই বা গভর্নমেন্ট কিংবা অন্য কোন পাবলিক সংস্থা কর্ত্তৃক একোয়ার বা এ্যাকুইজিশান হয় নাই বা আমি উক্ত কারণে কোন নোটিশ প্রাপ্ত হই নাই বা হইবার কোনও কারণ উপস্থিত হয় নাই বা ক্রোকাবদ্ধ বা বাকী খাজনার দায়ে বিক্রয় হয় নাই অদ্য হইতে আমি নিম্ন তপশীলে বর্ণিত বিক্রিত সম্পত্তি আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব স্বত্ত্যাগী ও দখলচ্যুত হইলাম। আপনি আমার কথায় সরল বিশ্বাসে কোন প্রকার তদন্ত আদি না করিয়াই নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিলেন। যদি ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তির কোন অংশ মিথ্যা প্রমাণিত হয় তবে আমি মিথ্যা উক্তির জন্য ফৌজদারীতে আবদ্ধ হইব বা উক্তরূপ কোন প্রকার দায়াবদ্ধ কি হস্তান্তর কিংবা আমার স্বত্বের কি স্বার্থের খর্ব্বতা জনক কোন বিষয় প্রকাশ পায় এবং তাহার জন্য আপনার বিক্রয় কোবালা গ্রহিতার বা আপনার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণের স্বত্ব স্বামিত্বের বা দখলের কোন প্রকার ক্ষতি কি হানি হয় আমি অত্র কোবালা দাতা এবং আমার ওয়ারিশানগণ বা স্থলাভিষিক্তগণ তজ্জন্য আপনাকে

আপনাকে বা আপনার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণকে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিব। আপোষে না দিলে আদালত যোগে আদায় করিয়া নিতে পারিবেন বা পারিবেক। যদি ইহার পর কোন কারণে গভর্নমেন্ট বা অন্য কোন সংস্থা কর্তৃক এই বিক্রিত জমি একোয়ার বা এ্যাকুইজিশান হয় তবে উহার ক্ষতিপূরণ বাবদ যে টাকা পাওয়া যাইবে তাহা আপনি কোবালা গ্রহিতা বা আপনার ওয়ারিশন বা স্থলাভিষিক্তগণ গ্রহণে পাইবে, আমি বা আমার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ গ্রহণে কেহই তাহার জন্য দাবী দাওয়া করিতে পারিবেন না বা পারিবেক না। এই দলিলে যদি কোন ভ্রম থাকা দৃষ্ট হয় তাহা হইলে সংশোধনের জন্য বা আপনার কোবালা গ্রহিতার খরিদা স্বত্ব অক্ষুন্ন রাখিবার বা দৃঢ় করণের জন্য যদি কোন নূতন দলিলাদি আপনার কোবালা গ্রহিতার বা আপনার ওয়ারিশান বা স্থলাভিষিক্ত গনের নাম বরাবর সম্পাদন করিয়া দিবার আবশ্যক হয় তবে ঐ দলিল বা দলিলাদি করিবার ব্যয় আপনি বা আপনারা বহন করিলে কোনরূপ টাকা গ্রহণ না করিয়া অনতিবিলম্বে যে কোন রূপ দলিল আপনার বা আপনার মনোনীত ব্যক্তির বা আপনার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণকে রেজেষ্ট্রি আদি করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিলেক উপরে বর্নিত আমার নাম বরাবর পূর্ববর্তী মালিকের ক্রয়ের দলিল ও অন্যান্য কাগজ পত্র অদ্য আপনার হেপাজতে দিলাম।

এতদর্থে স্বেচ্ছায় সবল মনে সুস্থ শরীরে অন্যের বিনা প্ররোচনায় ও অনুরোধে দলিলের মর্ম সম্যক অবগত হইয়া ও আপনার নিকট হইতে বিক্রিত সম্পত্তির মূল্যের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া আপনার বরাবরে অত্র সাফ বিক্রয়

SEAL OF THE FIRST SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR ★ 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipore at Alipore.
Dist.— 24-Parganas.

কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম ইতি সন ১৯৭২ সালের ১৬ই জুন।

বাংলা ১৩৭৯ সালের ২রা আষাঢ়।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ -

জেলা ২৪পরগণা থানা টালিগঞ্জসদর অধুনা যাদবপুর সবরেজেষ্ট্রি আলিপুর পরগণা মাগুরা ৩৫১ নং তৌজি ভুক্ত পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে কালেকটার বাহাদুর ২৪পরগণা মালিকাধীন ৪.৩১ পয়সা জমা ভুক্ত রায়ত দখলী সুত্রীয় বিগত জিলা জরিপের জেঃ এলঃ নং ৪৪ মৌজা চকদহ গ্রামের ২৯নং খতিয়ান ভুক্ত ১.৪০ শতক জমি জমা হইতে

| খতিয়ান - | দাগনং - | রকম - | পরিমান - |
|---|---|---|---|
| ২৯ উনত্রিশ | ১৫১ একশত একান্ন | ডাঙ্গা | .০৭ শতক |

৴২ দুই কাঠা জমি হারাহারি খাজনা .১৬ পয়সা উত্তরে ১৫০ দাগের জমি দক্ষিনে - অত্র দাগের অবিক্রিত জমি পূর্ব - ইউনিয়ন বোর্ডের রাস্তা, পশ্চিমে - ১৫২ নং দাগের জমি।

| খতিয়ান নং - | দাগনং - | রকম - | পরিমান - |
|---|---|---|---|
| ২৯ উনত্রিশ | ১৫১ একশত একান্ন | ডাঙ্গা | .০৭ শতক মধ্যে |

উপরোক্ত দুই কাঠা জমির সংলগ্ন দক্ষিন দিকে পূর্ব্ব পশ্চিম বরাবর ৴।।৴১০ সাড়ে নয় ছটাক জমি হারাহারি খাজনা .০৬ পয়সা মোট ৴২।।৴১০ দুই কাঠা সাড়ে নয় ছটাক জমি খাজনা হারাহারি মোট .২২ পয়সা হইতেছে।

বিক্রিত সম্পত্তি প্রদর্শনার্থে লাল রং যুক্ত নক্সা দেওয়া হইল এবং ইহা দলিলের অংশ হিসাবে গণ্য হইবে।

অপ্রীণ পণের টাকার জায় ঃ –

নগদে ৪০০০্ চারি হাজার
১০০্ এক শত টাকার ৪০ খানা নোট – – – ৪০০০্ টাকা

সবলগে চার হাজার টাকা মাত্র।

ইসাদী ঃ –

দলিল পড়াইয়া শুনাইলে লেখা ঠিক হইয়াছে
জানিয়া ইসাদী হিসাবে নিম্নে সহি করিলাম। ।

Drafted + Read over
to the Executant and
witnessed by me.
Kanai Lal Basu
Advocate
16.6.72

Sukumar Ch. Biswas
Vill. West-Bansdrai
P.O. East-Putiari
24 Parganas.

টাইপকারক ঃ –
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা ২৭।

Book No. I

Volume No. 63

Pages 126 to 132

Being No. 2498

for the year 1972

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR

Joint Sub-Registrar of Alipore at Alipore

Dist.— 24-Parganas

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR

Joint Sub-Registrar of Alipore at Alipore

Dist.— 24-Parganas

4-7-72